# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি রাতে তাহাজ্জুদ সালাত আদায় করার জন্য জাগ্রত হবে, তখন তিনি কী বলবেন তার বিবরণ

ذِكْرُ مَا يَقُولُ الْمَرْءُ إِذَا تَعَارَّ مِنَ اللَّيْلِ يُرِيدُ التَّهَجُّدَ

আরবী

2585 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي أَبُو سَلَمَةَ قَالَ: حَدَّثَنِي رَبِيعَةُ بْنُ كَعْبٍ الْأَسْلَمِيُّ قَالَ: كُنْتُ أَبِيتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ بِوَضُوئِهِ وَحَاجَتِهِ وَكَانَ يَقُومُ مِنَ اللَّيْلِ يَقُولُ: (سُبْحَانَ رَبِّي وَبِحَمْدِهِ سُبْحَانَ رَبِّي وَبِحَمْدِهِ) الْهَوِيَّ ثُمَّ يَقُولُ: (سُبْحَانَ رَبِّ الْعَالَمِينَ سُبْحَانَ رَبِّ الْعَالَمِينَ) الهوي -

الراوي : رَبِيعَةُ بْنُ كَعْبٍ الْأَسْلَمِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2585 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1193)، ((المشكاة)) (1218).

বাংলা

২৫৮৫. রবী‘আহ বিন কা‘ব আল আসলামী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে রাত্রি যাপন করতাম, অতঃপর আমি তাঁর জন্য ওযূ ও হাজত সারার পানি নিয়ে আসতাম। তিনি রাতে উঠে দীর্ঘ সময় বলতেন, سُبْحَانَ رَبِّي وَبِحَمْدِهِ سُبْحَانَ رَبِّي وَبِحَمْدِهِ (আমি আমার প্রভুর পবিত্রতা ঘোষনা করছি এবং তাঁর প্রশংসা করছি। আমি আমার প্রভুর পবিত্রতা ঘোষনা করছি এবং তাঁর প্রশংসা করছি)। তারপর তিনি দীর্ঘ সময় বলতেন, سُبْحَانَ رَبِّ الْعَالَمِينَ سُبْحَانَ رَبِّ الْعَالَمِينَ (জগৎসমূহের প্রভুর পবিত্রতা ঘোষনা করছি। জগৎসমূহের প্রভুর পবিত্রতা ঘোষনা করছি)।”[1]

## ফুটনোট

[1] তাবারানী: ৪৫৭০; সুনান বাইহাকী: ২/৪৮৬; সহীহ মুসলিম: ৪৮৯; নাসাঈ: ২/২২৭-২২৮; মুসনাদ আহমাদ: ৪/৫৭; তিরমিযী: ৩৪১৬; ইবনু মাজাহ: ৩৮৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ রবী'আহ্ ইবনু কা'ব আল আসালামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91915

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন